## ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

# প্রতিযোগিতা নির্দেশিকা

## বিষয়ঃ বিতর্ক

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য 'উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকা সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'বিতর্ক প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'বিতর্ক প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'বিতর্ক প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

### বিতর্ক প্রতিযোগিতা

বিতর্ক প্রতিযোগিতা' ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬-এর একটি অংশ, যেখানে কিশোর কিশোরী এবং তরুণরা পুষ্টি ও খাদ্য বিষয়ক বিভিন্ন সামাজিক এবং বৈজ্ঞানিক দৃষ্টিকোণ তুলে ধরে। এতে অংশগ্রহণকারীরা দলগতভাবে নির্ধারিত প্রতিপাদ্য বিষয়ে যুক্তি এবং প্রমাণ উপস্থাপন করবেন। প্রতিযোগিতার প্রাথমিক এবং চূড়ান্ত রাউন্ডে ভাষণ, যুক্তি এবং তথ্য বিশ্লেষণ দক্ষতা অনুযায়ী বিচার করা হবে।

**বয়স গ্রুপ:**

| গ্রুপ এ | গ্রুপ বি | গ্রুপ সি |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়: প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ এ: বিদ্যালয়ে শিশুদের প্রক্রিয়াজাত নাস্তার আগে তাজা ফল দেওয়া উচিত**
**গ্রুপ বি: স্বাস্থ্যকর খাদ্য নির্বাচন উৎসাহিত করতে বিজ্ঞাপনের চেয়ে প্যাকেটের সামনের সতর্কতামূলক লেবেল বেশি কার্যকর।**
**গ্রুপ সি: সোশ্যাল মিডিয়া স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গঠনের চেয়ে ভাঙতেই বেশি ভূমিকা রাখছে**

[অনুষ্ঠানের এক সপ্তাহ আগে প্রাথমিকভাবে নির্বাচিত অংশগ্রহণকারীদের চূড়ান্ত পর্বের বিষয়বস্তু জানিয়ে দেওয়া হবে।]

**যোগ্যতা:**

- প্রতিযোগীদের INO ২০২৫ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশন এর সময় 'বিতর্ক প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী এতে অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা শুধুমাত্র দলগতভাবে (সর্বোচ্চ ৩ জন) অংশ নিতে পারবেন।
- প্রতিযোগী বা অভিভাবক বা প্রতিষ্ঠান, ন্যূনতম আইটি সুবিধা (ফোন, ইমেইল, হোয়াটসঅ্যাপ, জুম একাউন্ট) থাকতে হবে।

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ এর নির্দিষ্ট ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটের রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'বিতর্ক প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।

**রেজিস্ট্রেশন শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়া শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ**

১. **প্রতিযোগীর তথ্য:** নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেল।
২. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি।
৩. **প্রতিযোগিতার লিংক:** জেলা বা বিভাগীয় রাউন্ডের লিঙ্ক ইমেইল বা হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে জানানো হবে।
৪. **জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক নির্বাচন:**

- বিতর্ক প্রতিযোগিতা প্রাথমিক পর্যায়ে দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে।

- প্রতিযোগিতায় অংশ নিতে তিন সদস্যের একটি দল গঠন করতে হবে। দলটির সব সদস্যকে একই বয়স বিভাগের হতে হবে।
- একটি প্রতিষ্ঠান থেকে শুধুমাত্র একটি দল প্রতিযোগিতায় অংশ নিতে পারবে যদি একটি স্কুল থেকে একাধিক দল আগ্রহী হয়, তবে স্কুলটি তাদের নিজস্ব প্রতিষ্ঠানে প্রতিযোগিতা আয়োজন করবে। প্রতিটি স্কুল একটি দল নির্বাচন করে ইমেইলের মাধ্যমে নাম জমা দেবে।
- প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত এবং স্বতন্ত্র অংশগ্রহণকারীরা জুমের মাধ্যমে অনলাইনে প্রতিযোগিতায় অংশগ্রহণকরবে। (অংশগ্রহণকারীদের সময়সূচী ইমেইলের মাধ্যমে জানানো হবে।)

**চূড়ান্ত নির্বাচন:**

প্রাথমিক নির্বাচন থেকে প্রতিটি বয়স বিভাগের শীর্ষ ২টি দল ( মোট ৬ জন সদস্য) INO ২০২৬ এর চূড়ান্ত নির্বাচনে অংশগ্রহণ করবে।

**সময়সূচি:**

| সময় | বিবরণ |
|---|---|
| ১.৫ মিনিট | প্রথম বক্তার পরিচিতি ও বক্তব্য উপস্থাপন |
| ১.৫ মিনিট | দ্বিতীয় বক্তার পরিচিতি ও বক্তব্য উপস্থাপন |
| ১.৫ মিনিট | তৃতীয় বক্তার পরিচিতি ও বক্তব্য উপস্থাপন |
| ১.০ মিনিট | খণ্ডন (Rebuttal) পর্বের প্রস্তুতি |
| ২ মিনিট | খণ্ডন (Rebuttal) পর্বে দলনেতার বক্তব্য উপস্থাপন |

**স্কোর ক্রাইটেরিয়াঃ**

| **ক্রম** | **বিষয়** | **নাম্বার** |
|---|---|---|
| ০১ | উপস্থাপনা (উচ্চারণ ও টোন) | ১৫ |
| ০২ | যুক্তি | ২৫ |
| ০৩ | তথ্য ও উপাত্তের ব্যবহার | ২০ |
| ০৪ | বিষয়বস্তু | ২৫ |
| ০৫ | সমসাময়িক এবং বাস্তবসম্মত প্রমাণ | ১৫ |
| | **মোট** | ১০০ |

**বিশেষ দ্রষ্টব্য:**


- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। যেকোনো ধরনের অনৈতিক আচরণ করলে তাৎক্ষণিকভাবে অযোগ্য ঘোষণা করা হবে।

- প্রতিটি গ্রুপের সর্বোচ্চ স্কোর প্রাপ্ত দল বিজয়ী হিসেবে ঘোষিত হবে।
- প্রতিযোগিতার প্রাথমিক পর্যায়ে সার্বক্ষণিক সময় ক্যামেরা চালু রাখতে হবে।

**যোগাযোগ:**

বিতর্ক প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন: ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ +৮৮০২৮৭১৪১৬৯, অথবা ই-মেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।**


1
2
3
4
5
6
7
8
9
10
11
12
13
14
15
16
17